

প্রাথমিক শিক্ষায় গবেষণা

বাংলাদেশের প্রাথমিক শিক্ষাব্যবস্থায় অতীতের চেয়ে অনেক ভালো হলেও এর মান নিয়ে এখন সর্বত্র কথ্য হচ্ছে। প্রাথমিক স্তরের শিক্ষার্থীদের সামর্থ্য ও মেধা অনুযায়ী সহজ থেকে কঠিন অথবা কী-কী সমন্বিত বিষয় থাকা দরকার, সে অনুযায়ী আছে কি না, তা নিয়ে চিন্তা করার সময় হয়েছে। প্রত্যেক শিক্ষার্থীর মানসিক ও শারীরিক অবস্থা যাচাই এবং তার পারিপার্শ্বিক পরিবেশ আমলে নিয়ে পাঠদান হচ্ছে কি না, তা-ও ভেবে দেখার বিষয়।

পাঠ্যক্রমে নানা অসংগতি, সংশ্লিষ্ট পাঠ্য ও শিখনক্রম বাস্তবে-কতটা প্রয়োগযোগ্য, শিক্ষার্থীদের জ্ঞানের প্রথম স্তর না শিখিয়ে প্রয়োগ বা সৃজনশীল পাঠের অবতারণা কতটা যুক্তিযুক্ত, শিক্ষানীতির আগে শিক্ষাপদ্ধতি চালু এবং ঘন ঘন শিক্ষাপদ্ধতির বিভিন্ন রকমের পরিবর্তন, পরিবর্ধন, সংযোজন ও বিয়োজন কতটা প্রাসঙ্গিক, তা নিয়ে রীতিমতো গবেষণা দরকার।

আমাদের প্রাথমিক শিক্ষাকে কীভাবে আরও উন্নত, মানসম্মত, বাস্তবধর্মী, কর্মমুখী ও প্রয়োগযোগ্য করে তোলা যায়, এ নিয়ে প্রাথমিক শিক্ষা মন্ত্রণালয়ের